

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০১২.২০১১(অংশ-১)-৫০২


তারিখ : ০১ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৫ মে, ২০১৫ খ্রিঃ।

বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগে বিচারাধীন রিট মামলা নং-৩৪০০/২০১৬ এর আদেশ প্রতিপালন সংক্রান্ত।

সূত্র : জনাব মোঃ রফিকুল ইসলাম সরদার, চেয়ারম্যান, ডি.এম.খালী, ভেদরগঞ্জ, শরীয়তপুর এর আবেদন, তারিখঃ ০৭.০৩.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১-১৩ ধারা মোতাবেক ইউনিয়ন/ওয়ার্ডের সীমানা নির্ধারণ সম্পর্কিত কার্যক্রম নিষ্পত্তির এখতিয়ার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের। আইনের ১৩(৭) উপ-ধারা অনুযায়ী সীমানা নির্ধারণের আপীল কর্তৃপক্ষ হলেন জেলা প্রশাসক। আইন অনুযায়ী পিটিশনারের আবেদনটি দ্রুততার সাথে নিষ্পত্তিপূর্বক স্থানীয় সরকার বিভাগকে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫১৪১৯০
Email : lgup1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- ০১। জেলা প্রশাসক
শরীয়তপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ০৩। সহকারী প্রোগ্রামার
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি:

উপসচিব(আইন-০১ অধিশাখা)
স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ
গ্রন্থ ও প্রেস শাখা
108 MAR 2018
জার্মানি পঃ... ১৭০

278

স্থানীয় সরকার বিভাগ পটভূমি দপ্তর	
১) আঞ্চলিক বাউন্স	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) উন্নয়ন
৩) মুদ্রা-সচিব	৩) নগর উন্নয়ন
	৪) পান
	৫) আইন
জার্মানি নম্বর: ১৭০	বাক্স

বরাবর,
সচিব,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা-১০০০।

সচিব মহোদয়ের মিলে পরামর্শ
করা হলো।

বিষয়ঃ সীমানা নির্ধারণ ও ভোটার তালিকা সংশোধন প্রসঙ্গে।

জন্মাব,
বিশীত বিবেদন এই যে, শরীয়তপুর জেলাধীন ভেদরগঞ্জ উপজেলার অন্তর্গত ডিএমখালী ইউনিয়নের ৮নং ওয়ার্ডভুক্ত ৬৮নং পাইয়াতলী মৌজার বসবাসকারী লোকদের মধ্যে ৭৫% লোক ৬৮ নং পাইয়াতলী মৌজার ঠিকানা দিয়া ডিএমখালী ইউনিয়নের ভোটার হইয়াছে। ২৫% লোক ৬৮ নং পাইয়াতলী মৌজার বসবাস করিয়া পাচালিয়া মৌজার নাম দিয়া রামভদ্রপুর ইউনিয়নে ভোটার হইয়াছেন। ৭৫% লোক বলে এই গ্রাম ৬৮নং পাইয়াতলী মৌজার। ২৫% লোক বলে এই গ্রাম পাচালিয়া মৌজার। কাজেই এখানে পাচালিয়া ও ৬৮নং পাইয়াতলী মৌজার সীমানা সঠিকভাবে নির্ধারণ করা একান্ত প্রয়োজন। এই বিষয় নিয়া উল্লিখিত মৌজার কিছু লোক ২০০৯ ইং সন হইতে বিভিন্ন অফিসে দরখাস্ত করিয়াছেন এবং বহুবার সরেজমিনে তদন্ত হইয়াছে, কিন্তু অদ্যাবধি কর্তৃপক্ষ উক্ত বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই, এমনকি এখনও তাহাদের দরখাস্ত উপজেলা অফিসে আছে।

এলাকার ৭৫% লোক হয়রানীর শিকার হইয়া বিগত ২৫/০৭/২০১৫ ইং তারিখে ৪/৫ শত লোক একত্রে ডিএমখালী ইউনিয়নের চেয়ারম্যান বরাবর একটি দরখাস্ত করিয়াছে। এই মর্মে চেয়ারম্যান সাহেব ১০/০৮/২০১৫ ইং তারিখে সকল সদস্যগণকে নিয়া একটি মিটিং করিয়া বসবাস নির্ধারণ এই সিদ্ধান্ত নেয় যে, উক্ত বিষয়টি

চলমান পাতা/২

উপস্থিত অফিসে (স্বাক্ষর/মুদ্রা/সীল)	এই সিদ্ধান্ত
মহাপরিচালক (স্বাক্ষর)	প্রয়োজনীয় ব্যবস্থা
মুদ্রা-সচিব (স্বাক্ষর/মুদ্রা/সীল)	মন্ত্রণালয়ের উপস্থাপন
মুদ্রা-সচিব (স্বাক্ষর/মুদ্রা/সীল)	আরও কিছুতে পোশ কমান
পরিচালক (স্বাক্ষর/মুদ্রা/সীল)	কর্তৃপক্ষের কার্য

৯৯১
১৭/৩/১৫

১৭/৩/১৫


পাতা-২

সরেজমিনে তদন্ত করিয়া উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করিয়া আমাদের ইউনিয়নের সীমানা নির্ধারণ করিয়া আমাদের ইউনিয়নের এরিয়া টিক করার জন্য।

আমি বর্তমানে ডিএমখালী ইউনিয়নের চেয়ারম্যান, আমি বিগত ২৭/১০/১৫ইং তারিখে শরীয়তপুর জেলা প্রশাসকের সম্মুখে একটি আবেদন করি। উক্ত আবেদনের প্রেক্ষিতে জেলা প্রশাসক মহোদয় তেদরগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব দেয় এবং নির্বাহী অফিসার সাহেব উপজেলা নির্বাচন অফিসারকে দায়িত্ব দিয়াছেন। নির্বাচন অফিসার গত ০৭/০২/২০১৬ ইং তারিখে সরেজমিনে তদন্ত করিয়াছেন এবং ১৬/০২/২০১৬ইং তারিখে স্মারক নং-১৭.১৪.৮৬১৪.০০০.৩২.০০১.১৬.২১ পত্রের মাধ্যমে তদন্তের প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিয়াছেন, উল্লেখ্য যে, অদ্যাবধি কর্তৃপক্ষ উক্ত বিষয়েও কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

অতএব, ছদ্মবে সমীপে আকুল আবেদন এই যে, উপরে উল্লেখিত বিষয়গুলির আলোকে পাইয়াতলী মৌজা ও মামজুপুর ইউনিয়নের ২ ও ৫নং ওয়ার্ডের সীমানা নির্ধারণ ও ভোটার তালিকা সংশোধন করার আদেশ দানে বাধিত করিবেন।

নিবেদক



মোঃ রাফিকুল ইসলাম
চেয়ারম্যান
ডি.এম.খালী ইউনিয়ন পরিষদ
সখিপুর, শরীয়তপুর।